তারিখ ... 20 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪ ...

দৈনিক
ইত্তেফাক

# নাজিরপুরে ব্যবহারিক পরীক্ষার নামে অর্থ বাণিজ্য!

■ নাজিরপুর (পিরোজপুর) সংবাদদাতা

নাজিরপুরে কলেজ শিক্ষকদের বিরুদ্ধে এইচএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে ব্যবহারিক পরীক্ষার নামে অতিরিক্ত টাকা আদায় ও খাতা বাণিজ্যের অভিযোগ পাওয়া গেছে।

অভিযোগে জানা গেছে, উপজেলা সদরের নাজিরপুর কলেজ ও বঙ্গমাতা মহিলা কলেজের বিজ্ঞান বিভাগের শিক্ষকসহ সাচিবিক বিদ্যা, আইসিটি (কম্পিউটার শিক্ষা), মনোবিজ্ঞান ও কৃষি শিক্ষা বিষয়ের শিক্ষকদের বিরুদ্ধে প্রতি বিষয়ের ব্যবহারিক খাতা বাবদ ১শ' থেকে ৩শ' টাকা ও ব্যবহারিক পরীক্ষা বাবদ পৃথকভাবে ৩শ' টাকা করে আদায়ের অভিযোগ পাওয়া গেছে। আর ধার্যকৃত টাকা না দিলে সংশ্লিষ্ট বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় ফেল করিয়ে দেয়ার হুমকিসহ ব্যবহারিক খাতায় স্বাক্ষর না করার অভিযোগ উঠেছে সংশ্লিষ্ট শিক্ষকদের বিরুদ্ধে। নাজিরপুর ডিগ্রি কলেজে কেন্দ্র থাকায় ওই কেন্দ্রের অধীনের সকল কলেজের শিক্ষার্থীদের কাছ থেকেও একই হারে টাকা আদায় করা হচ্ছে বলেও অভিযোগ রয়েছে।

নাজিরপুর কলেজের ছাত্র শুভ বৈরাগী জানান, সাচিবিক বিদ্যার খাতা বাবদ ৭৫ জন শিক্ষার্থীর কাছ থেকে জনপ্রতি ৩শ' টাকা করে আদায় করা হয়েছে। আর এ টাকা আদায়ের দায়িত্ব দেয়া হয়েছে স্থানীয় এক ফটোস্ট্যাটের দোকান মালিককে।

এদিকে সাচিবিক বিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক ঠাকুর চাঁদ মজুমদার এ বিষয়ে সন্তোষজনক কোনো জবাব দিতে পারেননি।